# হামের সংস্পর্শে আসা ব্যক্তি, যারা সুরক্ষিত নন এবং ইমিউন গ্লোবিউলিন পেয়েছেন, তাদের জন্য নির্দেশাবলী

আপনি ইমিউন গ্লোবিউলিন ওষুধটি পেয়েছেন কারণ আপনি হামের সংস্পর্শে এসেছিলেন এবং আপনি সুরক্ষিত নন।

**হাম সম্পর্কে আপনার যা জানা প্রয়োজন, তা এখানে দেওয়া হল:**

- হাম একটি ভাইরাস যা শ্বাসযন্ত্রের নিঃসরণের মাধ্যমে এবং হামে আক্রান্ত কোনো ব্যক্তির সাথে একই বাতাসে শ্বাস নেওয়ার মাধ্যমে ছড়ায়।
- হাম অত্যন্ত সংক্রামক। একজন ব্যক্তির ফুসকুড়ি হওয়ার চার দিন আগে থেকে শুরু করে ফুসকুড়ি শুরু হওয়ার পঞ্চম দিন পর্যন্ত তিনি সংক্রামক থাকতে পারেন।
- হামের প্রাথমিক উপসর্গগুলো হল জ্বর; এরপর দেখা দেয় কাশি, সর্দি (নাক দিয়ে জল পড়া) এবং চোখ লাল হয়ে যাওয়া ও জল পড়া। পরবর্তী উপসর্গগুলির মধ্যে রয়েছে জ্বর বেড়ে যাওয়া এবং সারা শরীরে র্যাশ হওয়া।
- হামের কারণে কানের সংক্রমণ, ডায়রিয়া, নিউমোনিয়া, গর্ভপাত, মস্তিষ্কের প্রদাহ, হাসপাতালে ভর্তি হওয়া, এমনকি মৃত্যুও হতে পারে।

**ইমিউন গ্লোবিউলিন সম্পর্কে আপনার যা জানা প্রয়োজন, তা এখানে দেওয়া হল:**

- আপনি যে ইমিউন গ্লোবিউলিনটি পেয়েছেন, তা আপনার হামে আক্রান্ত হওয়ার সম্ভাবনা কমিয়ে দেবে। ওষুধটি নেওয়ার পরেও, আপনি হামে আক্রান্ত হতে পারেন এবং অন্যদের মধ্যে এটি ছড়িয়ে দিতে পারেন।
- যদি আপনার হাম হয়, তবে ইমিউন গ্লোবিউলিন আপনার উপসর্গগুলির তীব্রতা কমিয়ে দিতে পারে।

**যেহেতু ফুসকুড়ি শুরু হওয়ার আগে থেকেই একজন ব্যক্তি অন্যদের মধ্যে হাম ছড়াতে পারে, তাই আপনি এখনই সংক্রামক হতে পারেন। হামের সংস্পর্শে আসার পর পুরো 28 দিন (এই সময়ে আপনি অসুস্থ হতে পারেন এবং অন্যকে সংক্রমিত করতে পারেন) আপনার যা করা উচিত, তা হলো:**

- চিকিৎসা পরিচর্যার প্রয়োজন না হলে, বাড়ীতে থাকুন এবং অন্যদের থেকে দূরে থাকুন।
- বাড়ীতে অতিথি আসা বন্ধ রাখুন।
- কেনাকাটা করতে বা কর্মস্থলে, বিদ্যালয়ে বা ধর্মীয় প্রতিষ্ঠানে বাইরে যাবেন না।
- নিশ্চিত করুন যে আপনার বাড়ীর প্রত্যেকের হামের টিকা দেওয়া আছে এবং তা আপ-টু-ডেট।

**হামের সংস্পর্শে আসার তারিখ:** ________________________

**যে তারিখে আপনি স্বাভাবিক কাজকর্ম পুনরায় শুরু করতে পারবেন:** ________________________

আপনি যদি অসুস্থ হয়ে পড়েন এবং আপনার স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর সাথে দেখা করার প্রয়োজন হয়, তবে যাওয়ার আগে ফোন করে তাদেরকে জানান যে আপনার হাম হতে পারে, যাতে তারা এমন সময়ে আপনার অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে পারে যখন অন্য রোগীরা সংস্পর্শে আসবে না (যেমন অফিস সময়ের পরে)। আপনার পরিষেবা প্রদানকারীর অফিস আপনাকে একটি ভিন্ন প্রবেশপথ ব্যবহার করতে বলতে পারে।

অ্যাপয়েন্টমেন্টের সময় আপনার পরিষেবা প্রদানকারীকে জানান যে আপনি ইমিউন গ্লোবিউলিন পেয়েছেন, যে তারিখে পেয়েছেন সেই তারিখটি, এবং কোন ধরণের পেয়েছেন (ইন্ট্রামাসকুলার অর্থাৎ মাংসপেশিতে প্রদেয়, বা ইন্ট্রাভেনাস অর্থাৎ শিরায় প্রদেয়)। তাদেরকে এই চিঠিটিও দেখাবেন।

**দ্রষ্টব্য:** ইন্ট্রামাসকুলার ইমিউন গ্লোবিউলিন পাওয়ার পর কমপক্ষে ছয় মাস অথবা ইন্ট্রাভেনাস ইমিউন গ্লোবিউলিন পাওয়ার পর কমপক্ষে আট মাস অপেক্ষা করার পরেই হাম, মাম্পস এবং রুবেলা (Measles, Mumps, Rubella, MMR) বা ভ্যারিসেলা (জলবসন্ত) টিকা নেওয়া উচিত।